দৈনিক বাংলা

তারিখ 15 FEB 1994
পৃষ্ঠা ৫ কলাম ১

# সংসদে প্রশ্নোত্তর

## ১০ ভার্সিটিতে ছাত্র-ছাত্রী ৬১ হাজার
## আরও ৫ কলেজে অনার্স কোর্স ঃ
## ঢাকা ভার্সিটির ১৮৯ শিক্ষক ছুটিতে

স্টাফ রিপোর্টার ঃ চলতি বছর দুই হাজার সাতশ' ৩০টি শিক্ষা প্রতিষ্ঠানের ভবন নির্মাণ, পুনর্নির্মাণ ও মেরামত করা হবে। এ বাবত ২৪৫ কোটি ৭৪ লাখ ৬২ হাজার টাকা ব্যয় হবে।

শিক্ষামন্ত্রী জমিরউদ্দীন সরকার সোমবার সংসদে অধ্যাপক রফিকুল ইসলামের এক প্রশ্নের জবাবে একথা জানান। মন্ত্রী জানান, এই উন্নয়ন প্রকল্পে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে ৫২৬টি কলেজ, এক হাজার ৫১২টি মাধ্যমিক বিদ্যালয়, ১৩৭টি মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ৫০৮টি মাদ্রাসা ও এক হাজার ৩৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে।

### আরও ৫টি কলেজে অনার্স কোর্স

শাহদজামানের এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, বর্তমানে ৪১টি ডিগ্রী কলেজে অনার্স কোর্স চালু আছে। চলতি বছর আরও পাঁচটি কলেজে অনার্স কোর্স চালু করা হবে।

এই পাঁচটি কলেজের মধ্যে রয়েছে সরকারী কে সি কলেজ ঝিনাইদহ, ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজ, লক্ষ্মীপুর সরকারী কলেজ, সাতক্ষীরা সরকারী কলেজ ও সরকারী জিয়া মহিলা কলেজ ফেনী।

### আরও ৪ হাজার স্কুল

মন্ত্রী জমিরউদ্দীন সরকার শরফউদ্দীন খসরুর প্রশ্নের জবাবে জানান, সারাদেশে বিদ্যালয়বিহীন এলাকায় স্বল্পব্যয়ে তিন হাজার ৯৫৮টি বিদ্যালয় নির্মাণ করা হবে। ইতিমধ্যে দুই হাজার ৮৪২টি বিদ্যালয় অনুমোদিত হয়েছে।

### ১০ ভার্সিটিতে ছাত্র-ছাত্রী ৬১ হাজার ৫৭৬

দেশের ১০টি বিশ্ববিদ্যালয়ে মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ৬১ হাজার ৫৭৬ জন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০ হাজার আটশ' (জুন ৯২ পর্যন্ত) জন ছাত্র-ছাত্রী রয়েছে। জুন ৯৩ তারিখ পর্যন্ত হিসাবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১২ হাজার ২৫৩, কৃষি বিশ্ববিদ্যালয়ে ৪ হাজার ২৬১, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ৪ হাজার ৪৮৭, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১২ হাজার ৫২৯, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ৩ হাজার ৬০৯, ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২ হাজার ৬৬২, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৫৯৩ ও খুলনা বিশ্ববিদ্যালয়ে ৩৮২ জন ছাত্র-ছাত্রী রয়েছে।

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার সোমবার সংসদে শরফউদ্দীন খসরুর প্রশ্নের লিখিত জবাবে এ তথ্য জানান।

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৮৯ জন শিক্ষক ছুটিতে

মওলানা হাবিবুর রহমানের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ে এক হাজার ১৮২ জন শিক্ষক-শিক্ষিকা রয়েছেন। এরমধ্যে জুন ৯৩ পর্যন্ত ১৮৯ জন ছুটিতে বিদেশে অবস্থান করছেন।

যে সকল শিক্ষক-শিক্ষিকা ছুটি শেষ হওয়ার পর অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করবেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদেরকে কাজে যোগ দেয়ার নির্দেশ দেবে বলে মন্ত্রী জানান।

### জগন্নাথ কলেজের মাসিক ব্যয় সোয়া দুই কোটি টাকা

হাফেজা আসমা খাতুনের প্রশ্নের লিখিত জবাবে শিক্ষামন্ত্রী জানান, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে দিবা ও নৈশ শাখার জন্য প্রতি মাসে দুই কোটি ২০ লাখ ১০ হাজার আটশ' টাকা ব্যয় হয়। কলেজটিতে একজন অধ্যক্ষ এবং দিবা ও নৈশ শাখার জন্য একজন করে উপাধ্যক্ষসহ মোট ৩৪১ জন শিক্ষক রয়েছেন।